

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
www.tangail.gov.bd

নং- ০৫.৪১.৯৩০০.০০২.০৬.০০১.২৩-২৯

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি, মোঃ কায়ছারুল ইসলাম, জেলা প্রশাসক, টাঙ্গাইল ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩ / ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২ প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

|     |  |   |  |                 |
|-----|--|---|--|-----------------|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | <u>১৫ অগ্রহায়ণ ১৪৩০</u><br>৩০ নভেম্বর ২০২৩        | বৃহস্পতিবার     |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ                            | : | <u>১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০</u><br>০১-০৪ ডিসেম্বর ২০২৩ | শুক্রবার-সোমবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের       | : | <u>২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০</u><br>০৫-০৯ ডিসেম্বর ২০২৩ | মঙ্গলবার-শনিবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি   | : | <u>২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০</u><br>১০-১৫ ডিসেম্বর ২০২৩ | রবিবার-শুক্রবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ  | : | <u>০২ পৌষ ১৪৩০</u><br>১৭ ডিসেম্বর ২০২৩             | রবিবার          |
| (চ) | প্রতীক বরাদ্দ  | : | <u>০৩ পৌষ ১৪৩০</u><br>১৮ ডিসেম্বর ২০২৩             | সোমবার          |
| (ছ) | ভোটগ্রহণের তারিখ   | : | <u>২৩ পৌষ ১৪৩০</u><br>০৭ জানুয়ারি ২০২৪            | রবিবার          |

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্জে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৩৫ টাঙ্গাইল-৬ (দেলদুয়ার উপজেলা ও নাগরপুর উপজেলা) নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাগরপুর, টাঙ্গাইল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেলদুয়ার, টাঙ্গাইল) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

(মোঃ কায়ছারুল ইসলাম)  
জেলা প্রশাসক, টাঙ্গাইল

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

ও  
রিটার্নিং অফিসার  
১৩৫ টাঙ্গাইল-৬  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন